যায়যায়দিন

তারিখ ... OCT 10 2006 ...
পৃষ্ঠা ৪০ কলাম ৪ ......

৪

# বিশ্বের সেরা ১শ’ বিশ্ববিদ্যালয়ের প্রথম ১৩টিসহ ৫০টি আমেরিকা ও বৃটেনের

যাযাদি ডেস্ক

বিশ্বের সেরা ১৩টি বিশ্ববিদ্যালয় বৃটেন এবং আমেরিকায়। শীর্ষ ১০০টি বিশ্ববিদ্যালয়ের ৫০টিই এ দুটি দেশের। গত বৃহস্পতিবার প্রকাশিত টাইমস হায়ার এডুকেশন সাপ্লিমেন্টের করা এক তালিকায় এ তথ্য পাওয়া গেছে। এএফপি।

১০০ বিশ্ববিদ্যালয়ের তালিকাতে ৩৩টি বিশ্ববিদ্যালয় নিয়ে শীর্ষে অবস্থান করছে আমেরিকা। এরপরই বৃটেনের স্থান। তার আছে ১৫টি। এরপর অস্ট্রেলিয়া ও নেদারল্যান্ডস, প্রত্যেকের ৭টি করে বিশ্ববিদ্যালয় তালিকায় স্থান পেয়েছে। সুইটজারল্যান্ড ও ফ্রান্সের ৫টি এবং হং কং, জাপান, কানাডা ও জার্মানির ৩টি করে। বিশ্বের শীর্ষ জনবহুল দুটি দেশ চায়না ও ইনডিয়ায় ২টি বিশ্ববিদ্যালয় শীর্ষ শতকের তালিকায় ঠাঁই করে নিয়েছে। তালিকার শীর্ষস্থান দখল করেছে আমেরিকার ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যের হার্ভার্ড ইউনিভার্সিটি। দ্বিতীয় স্থানে আছে বৃটেনের কেমব্রিজ শহরের কেমব্রিজ ইউনিভার্সিটি এবং তৃতীয় বৃটেনের অক্সফোর্ড শহরের অক্সফোর্ড ইউনিভার্সিটি। আমেরিকার ম্যাসাচুসেটসের কেমব্রিজ শহরের ম্যাসাচুসেটস ইন্সটিটিউট অফ টেকনলজি (এমআইটি) এবং কানেকটিকাট অঙ্গরাজ্যের নিউ হ্যাভেন শহরের ইয়েল ইউনিভার্সিটি যুগ্মভাবে চতুর্থ হয়েছে। ষষ্ঠ অবস্থানে রয়েছে আমেরিকার ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের স্টানফোর্ড শহরের স্টানফোর্ড ইউনিভার্সিটি। সপ্তম ও অষ্টম হয়েছে একই অঙ্গরাজ্যের প্যাসাডেনা শহরে অবস্থিত ক্যালিফোর্নিয়া ইন্সটিটিউট অফ টেকনলজি (সিআইটি) এবং বার্কলে শহরের ইউনিভার্সিটি অফ ক্যালিফোর্নিয়া-বার্কলে। বৃটেনের ইম্পেরিয়াল কলেজ লন্ডন নবম এবং আমেরিকার নিউ জার্সি অঙ্গরাজ্যের প্রিন্সটন ইউনিভার্সিটি দশের তালিকা পূর্ণ করেছে।

এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে এগিয়ে রয়েছে চায়নার শিক্ষা প্রতিষ্ঠান। ‘বেইজিং ইউনিভার্সিটি’ তালিকার ১৪তম স্থান অধিকার করেছে। অবশ্য তালিকায় এর আগে আমেরিকা বৃটেনের বাইরের কোনো দেশের স্থান নেই। সেদিক থেকে এ দুটি দেশের বাইরে শিক্ষার মানের দিক থেকে শীর্ষস্থানে রয়েছে চায়না। প্রতিবেশী ইনডিয়ার দুটি বিশ্ববিদ্যালয় তালিকায় স্থান পেয়েছে। এর মধ্যে ৫৭তম হয়েছে রাজধানী দিল্লির বিখ্যাত ‘ইনডিয়ান ইন্সটিটিউট অফ টেকনলজি’ (আইআইটি)।